

প্রেস বিজ্ঞপ্তি

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা

বরিশাল বিশ্ববিদ্যালয় ১৭ই এপ্রিল ২০২৪।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা” শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১৭ এপ্রিল সকাল ১১ টায় জুম অ্যাপের মাধ্যমে অনলাইনে এ আলোচনা সভাটি সম্পন্ন হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, কলা ও মানবিক অনুষদের ডিন মোহাম্মদ তানভীর কায়ছার, প্রক্টর ড. আব্দুল কাইউম, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মোঃ আরিফ হোসেন, পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ খোরশেদ আলম, অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ। আলোচনায় বক্তারা ঐতিহাসিক মুজিবনগর দিবসের তাৎপর্য এবং প্রাসঙ্গিকতার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মনিরুল ইসলামের সঞ্চালনায় ভার্চুয়াল এ আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ যুক্ত ছিলেন।

বার্তা প্রেরক

মোঃ জুয়েল মুখা

প্রশাসনিক কর্মকর্তা

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়।